

তারিখ: ১০-০৪-২০২১ইং

বরাবর

প্রধান শিক্ষক

গগন মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়

বরগুনা সদর, বরগুনা।

বিষয়: প্রশংসাপত্রের জন্য আবেদন।

জনাব,

সবিনয় বিনীত নিবেদন এই যে, আমি শাহরিয়ার তানজিদ শাওন আপনার বিদ্যালয়ের একজন নিয়মিত ছাত্র। ২০২১ সালে বরিশাল বোর্ডের অধীনে অনুষ্ঠিত এস,এস,সি পরীক্ষায় আমি জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়েছি। বিদ্যালয়ে গত পাঁচ বছর অধ্যয়নকালে ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে আমি সক্রিয়ভাবে জড়িত ছিলাম। কোনো আইনশৃঙ্খলা বিরোধী কাজের সংশ্লে আমার সম্পৃক্ততা ছিল না। আমি কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি হতে ইচ্ছুক। তাই আপনার স্বাক্ষরিত একটি প্রশংসাপত্র অত্যন্ত প্রয়োজন।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন এই যে, অনুগ্রহপূর্বক আমাকে চারিত্রিক ও শিক্ষাবিষয়ক প্রশংসাপত্র প্রদান করে বাধিত করবেন।

বিনীত নিবেদক

আপনার একান্ত অনুগত ছাত্র

শাহরিয়ার তানজিদ শাওন

এস, এস, সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র

পরীক্ষার ক্রমিক নম্বর: ১১২০**